



## গাজীপুরের বাইপাইলে আবার ৩.৩ মাত্রার ভূমিকম্প রেকর্ড



সংগৃহীত ছবি

নরসিংদীর মাখবদীতে আগের ভূমিকম্পের মাত্র ২৪ ঘণ্টার মধ্যে গাজীপুরের বাইপাইলে নতুন কম্পন অনুভূত হয়েছে। আবহাওয়া অধিদপ্তরের ভূমিকম্প পর্যবেক্ষণ কেন্দ্র শনিবার সকাল ১০টা ৩৬ মিনিট ১২ সেকেন্ডে ৩.৩ মাত্রার কম্পন রেকর্ড করেছে।

কেন্দ্রের কর্মকর্তা নিজাম উদ্দিন আহমেদ জানিয়েছেন, এটি একটি ছোট মাত্রার ভূমিকম্প এবং স্থানীয়ভাবে অনুভূত হয়েছে।

গতকাল ঢাকার কাছে ৫.৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে দুই শিশুসহ ১০ জন প্রাণ হারিয়েছেন। ঢাকায় চারজন, নরসিংদীতে পাঁচজন এবং নারায়ণগঞ্জে একজনের মৃত্যু হয়। পাশাপাশি বিভিন্ন এলাকায় আহত হয়েছেন বহু মানুষ।

LENS ASIA